ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২৭৭৮</u>

আগরতলা,৮ সেপ্টেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘পচা মিষ্টি, নিম্নমানের খাবারের পসরা বসলেও দফতর নির্বিকার !’’, এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ৬ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, জনগণের খাদ্য নিরাপত্তা বিষয়ে একটি জয়েন্ট এনফোর্সমেন্ট কমিটি গঠন করা হয়েছে, যারা নিয়মিত বাজার পরিদর্শন করে এবং যখনই কোনও নিয়ম লঙ্ঘন বা অসামঞ্জস্যতা পাওয়া যায় তখনই ব্যবস্থা নেয়। পত্রিকায় একটি নির্দিষ্ট দোকানে খাদ্য নিরাপত্তার বিষয়ে অভিযোগের ভিত্তিতে জানানো যাচ্ছে যে, এমন কোনও অভিযোগ খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসে পাওয়া যায়নি।

*****